গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
*http://www.dshe.gov.bd*

স্মারক নং : ৩৭.০২.০০০০.১০১.১২.০০৩.২২-১৮৬২৭/১১ তারিখ : ২৭ /০৭/২০২৩ খ্রি.

বিষয় : গ্রেড-১৯ (নূন্যতম এসএসসি/সমমান পাস) এবং গ্রেড-২০ (নূন্যতম এসএসসি/সমমান পাস) ভুক্ত পদের কর্মচারীদের পদোন্নতির লক্ষ্যে চূড়ান্ত জ্যেষ্ঠতা তালিকায় ফিডারধারী কর্মচারীদের কম্পিউটার চালনায় দক্ষতা পরীক্ষা (বাংলা ও ইংরেজি)- এ অংশগ্রহণ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ১৭/০৭/২০২৩ খ্রি. তারিখ প্রকাশিতব্য চূড়ান্ত জ্যেষ্ঠতা তালিকায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানে রাজস্বখাতে কর্মরত গ্রেড-১৯ (নূন্যতম এসএসসি/সমমান পাস, চূড়ান্ত জ্যেষ্ঠতা তালিকার ক্রমিক ১-১৮৭ পর্যন্ত ফিডারধারী) এবং গ্রেড-২০ (নূন্যতম এসএসসি/সমমান পাস, চূড়ান্ত জ্যেষ্ঠতা তালিকার ক্রমিক ১-৪১৫ পর্যন্ত ফিডারধারী) ভুক্ত পদের ফিডারধারী কর্মচারীদের গ্রেড-১৬ ভুক্ত {(ক) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (খ) অফিস সহকারী-কাম- ডাটা এন্ট্রি অপারেটর (গ) অফিস সহকারী-কাম- হিসাব সহকারী (ঘ) অফিস সহকারী/ডাটা এন্ট্রি অপারেটর (ঙ) অফিস সহকারী-কাম-হিসাবরক্ষক}এ পদে পদোন্নতির লক্ষ্যে তাদের কম্পিউটার চালনায় দক্ষতা পরীক্ষা (বাংলা ও ইংরেজি) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২১ এর তফসিল-৩ অনুযায়ী আগামী ০৪/০৮/২০২৩ খ্রি. ও ০৫/০৮/২০২৩ খ্রি. তারিখ এ সঙ্গে সংযুক্ত সময়সূচি মোতাবেক অনুষ্ঠিত হবে।

উক্ত কম্পিউটার চালনায় দক্ষতা পরীক্ষা (বাংলা ও ইংরেজি)- এ অংশগ্রহণের জন্য প্রার্থীদের স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ০১(এক) কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি ও প্রত্যয়নপত্রসহ (প্রত্যয়নপত্রের নমুনা কপি সংযুক্ত) নির্ধারিত সময় ও স্থানে উপস্থিত থেকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রত্যয়নপত্রের ০১ (এক) কপি প্রতিষ্ঠান প্রধানের/দাপ্তরিক মেইল হতে promotiondshe23@gmail.com ঠিকানায় প্রেরণ করতে হবে এবং প্রত্যয়নপত্রের মূলকপি সঙ্গে নিয়ে পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

উল্লেখ্য যে, হিসাব সহকারী (গ্রেড-১৬) এবং (ক) স্টোর কিপার (খ) ক্যাশিয়ার (গ) স্টোর কিপার/ক্যাশিয়ার (ঘ) ভান্ডার রক্ষক (ঙ) ক্যাশিয়ার কাম স্টোর কিপার (গ্রেড-১৬) পদে পদোন্নতির লক্ষ্যে কম্পিউটার চালনায় দক্ষতা পরীক্ষা পৃথকভাবে অন্যদিন নেয়া হবে। এ বিষয়ে পরীক্ষার দিন ও তারিখ পরবর্তী নোটিশ/পত্রের মাধ্যমে অবহিত করা হবে।

সংযুক্ত:
১। কম্পিউটার চালনায় দক্ষতা পরীক্ষার সময়সূচি;
২। প্রত্যয়নপত্রের নমুনা কপি;

২৭/৭/২৩

(বিপুল চন্দ্র বিশ্বাস)
উপপরিচালক (সাধারণ প্রশাসন)
ফোন : ০২-৪১০৫২১৭৩

বিতরণ : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) –

০১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন/অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল/পরিচালক, এইচএসটিটিআই (সকল);
০৩। অধ্যক্ষ, ............................................ সরকারি কলেজ/টিটিসি (সকল);
০৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
০৫। জেলা শিক্ষা অফিসার ............................................................ (সকল);
০৬। প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় ........................................ (সকল);
০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
০৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, ........................................ (সকল);
০৯। প্রশাসনিক কর্মকর্তা (সাধারণ প্রশাসন)/হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১০। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১। সংরক্ষণ নথি।

Promotion: 2021

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
http://www.dshe.gov.bd

স্মারক নং : ৩৭.০২.০০০০.১০১.১২.০০৩.২২- ১৬৬৫২/ তারিখ : ২৭/০৭/২০২৩ খ্রি.

## কম্পিউটার চালনায় দক্ষতা পরীক্ষার সময়সূচি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানে রাজস্বখাতে কর্মরত কর্মচারীদের পদোন্নতির লক্ষ্যে গত ১৭/০৭/২০২৩ খ্রি. তারিখ প্রকাশিতব্য চূড়ান্ত জ্যেষ্ঠতা তালিকাভুক্ত গ্রেড-১৯ (নূন্যতম এসএসসি/ সমমান পাস) ও গ্রেড-২০ (নূন্যতম এসএসসি/সমমান পাস) ভুক্ত ফিডারধারী কর্মচারীদের কম্পিউটার চালনায় দক্ষতা পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে মাউশি কর্তৃপক্ষ এ সময়সুচি পরিবর্তন ও পরিমার্জন করতে পারবে।

**পরীক্ষা কেন্দ্রঃ সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, নিউ মার্কেট, মিরপুর রোড, ঢাকা-১২০৫।**

| পরীক্ষা গ্রহণের তারিখ ও দিন | পরীক্ষা গ্রহণের সময় | চূড়ান্ত জ্যেষ্ঠতার তালিকায় ক্রমিক নম্বর | ফিডারপূর্ণ পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ম দিন<br>০৪/০৮/২০২৩ খ্রি.<br>শুক্রবার | সকাল- ১০.০০ থেকে ১১.০০ | গ্রেড-১৯<br>০১-৮৫ | ৮৫ জন |
| | সকাল- ১১.০০ থেকে ১২.০০ | গ্রেড-১৯<br>৮৬-১৭০ | ৮৫ জন |
| | দুপুর- ২.০০ থেকে ৩.০০ | গ্রেড-১৯<br>১৭১-১৮৭<br>গ্রেড-২০<br>০১-৬০ | গ্রেড-১৯<br>১৭ জন<br>গ্রেড-২০<br>৬০ জন |
| | বিকাল- ৩.০০ থেকে ৪.০০ | গ্রেড-২০<br>৬১-১৪৫ | ৮৫ জন |
| ২য় দিন<br>০৫/০৮/২০২৩ খ্রি.<br>শনিবার | সকাল- ১০.০০ থেকে ১১.০০ | গ্রেড-২০<br>১৪৬-২৩৫<br>(ক্রমিক-২২৮ ব্যতিত) | ৮৯ জন |
| | সকাল- ১১.০০ থেকে ১২.০০ | গ্রেড-২০<br>২৩৬-৩২৫ | ৯০ জন |
| | দুপুর- ১২.০০ থেকে ১.০০ | গ্রেড-২০<br>৩২৬-৪১৫ | ৯০ জন |
| মোট | | | ৬০১ জন |

বিশেষ নির্দেশাবলী:

১। পরীক্ষা শুরুর ৩০(ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে;
২। পরীক্ষার্থীদের প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত ছবিসহ প্রত্যয়নপত্র (নমুনা কপি সংযুক্ত) সঙ্গে আনতে হবে;

২৭/৭/২৩
(বিপুল চন্দ্র বিশ্বাস)
উপপরিচালক (সাধারণ প্রশাসন)
ফোন- ০২-৪১০৫২১৭৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

------------------------------ কার্যালয়

---------------------------------------

> প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি আঠা দিয়ে এখানে লাগাতে হবে। আংশিক প্রত্যয়নপত্রে ও আংশিক ছবির উপরে সত্যায়িত হতে হবে।

## প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, জনাব ........................................................................................................
পদবী .................................................. কে আগামী ..................................................... খ্রি. তারিখে কম্পিউটার চালনায় দক্ষতা (বাংলা ও ইংরেজি) পরীক্ষায় অংশগ্রহণের জন্য তার ছবি ও স্বাক্ষর সত্যায়ন করে সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, নিউ মার্কেট, মিরপুর রোড, ঢাকা-তে প্রেরণ করা হলো।

উল্লেখ্য যে, চূড়ান্ত জ্যেষ্ঠতার তালিকায় তার গ্রেড ......... এবং ক্রমিক নং- .........।

| কর্মচারীর নাম | ক্রম. | নমুনা স্বাক্ষর | প্রতিষ্ঠান প্রধানের সত্যায়ন (নামাঙ্কিত সীলসহ) |
|---|---|---|---|
| | ১. | | |
| | ২. | | |
| | ৩. | | |

উল্লেখ্য যে, প্রত্যয়নপত্রটি প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরসহ প্রতিষ্ঠান প্রধানের মেইল থেকে promotiondshe23@gmail.com ঠিকানায় প্রেরণ করতে হবে। প্রত্যয়নপত্রের মূলকপি পরীক্ষার্থী সঙ্গে করে নিয়ে কম্পিউটার চালনায় দক্ষতা (বাংলা ও ইংরেজি) পরীক্ষার অংশগ্রহণ করবেন। প্রত্যয়নপত্র ব্যতীত পরীক্ষায় কোনোভাবেই অংশগ্রহণ করা যাবে না।

প্রতিষ্ঠান প্রধানের নামযুক্ত সীলসহ স্বাক্ষর

প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর

